

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।  
[www.ccb.gov.bd](http://www.ccb.gov.bd)

তারিখঃ ২৫ অক্টোবর ২০২১  
০৯ কার্তিক ১৪২৮

## প্রেস রিলিজ

এ্যাডভোকেসি কার্যক্রমের অংশ হিসেবে ২৩ অক্টোবর ২০২১ তারিখ শনিবার পটুয়াখালী সার্কিট হাউসে “পটুয়াখালী জেলা প্রশাসনের কর্মকর্তাগণের সঙ্গে প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের অবহিতকরণ সভা” অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ কামাল হোসেন, জেলা প্রশাসক, পটুয়াখালী। সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন পটুয়াখালী ২ নং আসনের মাননীয় সংসদ সদস্য (সাবেক চিফ হইপ) জনাব আ. স. ম. ফিরোজ। জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ড. এ এফ এম মনজুর কাদির, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, জনাব নাসরিন বেগম, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, জনাব মোহাম্মদ শহীদুল্লাহ, পিপিএম, পুলিশ সুপার, পটুয়াখালী ও কমিশনের কর্মকর্তাগণসহ পটুয়াখালী জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ উক্ত অবহিতকরণ সভায় উপস্থিত ছিলেন।

অবহিতকরণ সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রমের বিভিন্ন দিক, প্রতিযোগিতা আইন বাস্তবায়নের সুফল, আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পৃক্ততা ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কমিশনের গুরুত্ব বিষয়ে আলোচনা করা হয়। অবহিতকরণ সভায় অংশগ্রহণকারীগণ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বাস্তবায়নে সর্বাঙ্গক সহায়তা প্রদানের অঙ্গিকার ব্যক্ত করেন।

*Shrey* 25/10/2021

(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা

E-mail: [librarian@ccb.gov.bd](mailto:librarian@ccb.gov.bd)